

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৭৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - আযানের ফ্যীলত ও মুয়ায্যিনের উত্তর দান

আরবী

وَعَنْ عَلْقَمَةَ بْنِ وَقَاصٍ قَالَ: (إِنِي لَعِنْدَ مُعَاوِيَةَ إِذْ أَذَّنَ مُؤَذِّنُهُ فَقَالَ مُعَاوِيَةُ كَمَا قَالَ مُعَاوِيةً مُؤَذِّنُهُ حَتَّى إِذَا قَالَ: حَيَّ عَلَى الصَّلَاةِ: قَالَ: لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ فَلَمَّا قَالَ: حَيَّ عَلَى الْمُؤذِّنُ ثُمَّ قَالَ: حَيَّ عَلَى الْفَلَاحِ قَالَ: لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ الْعَلِيِّ الْعَظِيمِ وَقَالَ بَعْدَ ذَلِكَ مَا قَالَ الْمُؤذِّنُ ثُمَّ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم قَالَ ذَلِك. رَوَاهُ أَحْمد

বাংলা

৬৭৫-[২২] 'আলকামাহ্ ইবনু আবৃ ওয়াকাস (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার আমি মু'আবিয়াহ্ (রাঃ)-এর নিকট ছিলাম। তাঁর মুয়াযযিন আযান দিচ্ছিলেন। মুয়াযযিন যেভাবে (আযানের বাক্যগুলো) বলছিলেন, মু'আবিয়াহ্ (রাঃ)-ও ঠিক সেভাবে বাক্যগুলো বলতে থাকেন। মুয়াযযিন ''হাইয়াা 'আলাসসলা-হ্'' বললে মু'আবিয়াহ্ (রাঃ)বললেন, ''লা- হাওলা ওয়ালা- ক্যুওয়াতা ইল্লা- বিল্লা-হ''। মুয়াযযিন ''হাইয়াা 'আলাল ফালা-হ'' বললে মু'আবিয়াহ্ (রাঃ)বললেন, ''লা- হাওলা ওয়ালা- ক্যুওয়াতা ইল্লা- বিল্লা-হিল 'আলিয়িল 'আযাম''। এরপর আর বাকীগুলো তিনি তা-ই বললেন যা মুয়াযযিন বললেন। এরপর তিনি বললেন, আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে (আযানের উত্তরে) এভাবে বলতে শুনেছি। (আহমাদ)[1]

ফুটনোট

ব্যাখ্যা



ব্যাখ্যা: আলোচ্য হাদীসে আযানের জবাব দেয়ার পদ্ধতি সম্পর্কে আলোকপাত করা হয়েছে। আমিরে মু'আবিয়াহ্ (রাঃ)-এর মসজিদের মুয়াযযিন আযান দিলে তিনিও তার জবাবে তাই বললেন যা মুয়াযযিন বললো। তবে তিনি عَنْ عَلَى الْفَلَاحِ الْفَلَاحِ الْفَلَاحِ الْفَلَاحِ الْفَلَاحِ الْفَلَاحِ الْفَلَاحِ الْفَلَاحِ الْفَلَاحِ الْفَلَاعِ (রহঃ) বলেন, এখানে الْفَلِيّ الْفَظِيْم বৃদ্ধি করা হয়েছে যা অত্যন্ত বিরল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন